তারিখ ... ২১।১২।৭৯ ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ২ ...

দৈনিক বাংলা



# খাল কাটার কাজ এগিয়ে চলেছে

ব্রাহ্মণবাড়িয়া, ২০শে ডিসেম্বর (বাসস)।—বিএনপির সেক্রেটারী জেনারেল প্রফেসর এ কিউ এম বদরুদ্দোজা চৌধুরী আজ ব্রাহ্মণবাড়িয়া থেকে প্রায় ১২ মাইল দূরে বৌয়ালিয়া-নরেজর খাল পুনর্খনন প্রকল্পের উদ্বোধন করেন। তিনি এবং তথ্য ও বেতার মন্ত্রী জনাব হাবিবুল্লাহ খান ৫০ হাজার লোকের সঙ্গে খাল কাটায় অংশগ্রহণ করেন।


সাড়ে পাঁচ মাইল লম্বা ও ৩৭ ফুট চওড়া এই খাল সাড়ে সাত ফুট গভীর করে খনন করার জন্য ৩০ লাখ ঘনফুট মাটি কাটতে হবে এর জন্য দরকার হবে ৬২ হাজার লোকের শ্রম।

খাল কাটা শেষ হলে পাঁচ হাজার ৬শ একর জমিতে বছরে দু'কোটি ২৫ লাখ টাকার দু'লাখ ২৪ হাজার মন অতিরিক্ত ফসল উৎপন্ন হবে। প্রকল্প অঞ্চলে পানি সেচের জন্য ১০০টি পাওয়ার পাম্প দরকার হবে।

প্রফেসর বদরুদ্দোজা চৌধুরী অনুষ্ঠানে বলেন, খালকাটার মত প্রকল্পে ব্যাপকভাবে অংশগ্রহণের জন্য প্রেসিডেন্ট জিয়া আহ্বান জানিয়েছেন। এই ধরনের প্রকল্প জনগণকে সুখী করতে পারে।

তথ্যমন্ত্রী জনাব হাবিবুল্লাহ খান বলেন, আমরা বিদেশের খাদ্য সাহায্যের ওপর নির্ভর করে থাকতে চাই না। তিনি জানান, প্রকল্প অঞ্চলে

(শেষ পৃঃ ১-এর কঃ দ্রঃ)



বৃহস্পতিবার ব্রাহ্মণবাড়িয়ার বৌয়ালিয়া-নরেজর খাল পুনর্খনন প্রকল্পের উদ্বোধন করেন বিএনপি'র সেক্রেটারী জেনারেল প্রফেসর বদরুদ্দোজা চৌধুরী। তথ্য ও বেতার মন্ত্রী জনাব হাবিবুল্লাহ খানও খাল কাটার কাজে অংশ গ্রহণ করেন।

## এগিয়ে চলেছে

(১-এর পৃঃ পর)

পাওয়ার পাম্পের যা দরকার হবে, সরকার তা দেবেন।

### ধানসিঁড়ি নদী

কৃষি ও বন মন্ত্রী মেজর জেনারেল (অবসরপ্রাপ্ত) নূরুল ইসলাম বুধবার পিরোজপুর ও ঝালকাঠি মহকুমার ধানসিঁড়ি নদী ও দুটি খাল পুনর্খনন প্রকল্পের উদ্বোধন করেন। এই প্রকল্পের জন্য ১০ হাজার একর জমিতে অন্ততঃ তিন কোটি টাকার অতিরিক্ত ফসল উৎপন্ন হবে। ৬ মাইল লম্বা ধানসিঁড়ি নদীর পুনর্খনন হলে কেবল সেচ নয়, যোগাযোগ ব্যবস্থারও সুবিধা হবে।

কৃষিমন্ত্রী বানরীপাড়া থানার সৈয়দপুর ইউনিয়নের চার মাইল লম্বা মাজদবাড়ি-কালীবাড়ি খাল এবং ৬ মাইল লম্বা গাবগাছিয়া-ভবানীপুর খাল পুনর্খনন প্রকল্পেরও উদ্বোধন করেন।